দৈনিক জনকণ্ঠ

তারিখ 09 JUL 1997
পৃষ্ঠা: ২৫ কলাম ৪

# মন্ত্রিসভায় ইপসাকে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরের সিদ্ধান্ত

মন্ত্রিসভা ইনস্টিটিউট অব পোস্ট গ্র্যাজুয়েট স্টাডিজ ইন এগ্রিকালচার (ইপসা)-কে বিশ্ববিদ্যালয়ে রূপান্তরিত করার সিদ্ধান্ত নিয়েছে। খবর বাসস'র।

মঙ্গলবার প্রধানমন্ত্রী শেখ হাসিনার সভাপতিত্বে অনুষ্ঠিত মন্ত্রিসভার বৈঠকে প্রস্তাবিত বিশ্ববিদ্যালয়কে জাতির জনক শেখ মুজিবুর রহমানের নাম অনুসারে বঙ্গবন্ধু ইউনিভার্সিটি অব পোস্ট গ্র্যাজুয়েট এডুকেশন ইন এগ্রিকালচার করার ব্যাপারে আইপিএসএ পরিচালনা বোর্ডের সর্বসম্মত প্রস্তাবকে অনুমোদন দেয়া হয়।

মন্ত্রিসভা সিকিউরিটিজ এ্যান্ড এক্সচেঞ্জ কমিশন আইন ১৯৯৩-এর একটি সংশোধনী প্রস্তাব অনুমোদন করে।

মন্ত্রিসভার সদস্য, প্রতিমন্ত্রী, প্রধানমন্ত্রী, মুখ্যসচিব এবং সংশ্লিষ্ট সচিব ও কর্মকর্তারা বৈঠকে উপস্থিত ছিলেন।